

বঙ্গভবন ১৭ ফেব্রুয়ারি ২০২৩:

আগামী ২৮ শে ফেব্রুয়ারি চালু হচ্ছে কিশোরগঞ্জের মিঠামইন সেনানিবাস। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেনানিবাসের উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিকেলে মিঠামইনে সেনানিবাস এলাকা পরিদর্শন করেন।

সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার উজ্জ্বল জামান রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

এসময় সেনানিবাসের সার্বিক পরিস্থিতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করা হয়।

স্থানীয় সংসদ সদস্য রেজওয়ান আহম্মেদ তৌফিক, মোঃ আফজাল হোসেন, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খানসহ পদস্থ সামরিক কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

এর আগে, বাদ জুম্মা রাষ্ট্রপতি আবদুল হামিদ মিঠামইনের কামালপুরে তার পিতা হাজী মোঃ তাযেব উদ্দিন এবং মাতা তমিজা খাতুনের-কবর জিয়ারত করেন। এ সময় তাদের আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।